আজকের কাগজ

তারিখ 24 MAY 1993.
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

ছাত্রলীগ-শিবির সংঘর্ষ ।। আহত ১৮ ।। গ্রেফতার ৭

# কারমাইকেল বিঃ কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা

গতকাল রোববার থেকে কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। গত ২ দিনে কলেজ ক্যাম্পাসে বিভিন্ন ছাত্র সংগঠনের লাগাতার সংঘর্ষের ফলে গতকাল কর্তৃপক্ষ এ বন্ধের সিদ্ধান্ত নেন।

জানা যায়, গত শনিবার নিহত ছাত্র সাইফুলের দলীয় স্বীকৃতি নিয়ে শিবির ও জাসদ ছাত্রলীগের ব্যাপক সংঘর্ষে ৮ জন আহত ও ৩ জন গ্রেফতার হয়। তারই জের হিসেবে গতকাল রোববার কলেজ ক্যাম্পাসে আবারো শিবির ও জাসদ ছাত্রলীগের কর্মীদের মধ্যে ব্যাপক সংঘর্ষ বাধে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কাঁদুনে গ্যাস, রাবার বুলেট নিক্ষেপ ও লাঠিচার্জ করে।

গতকালের সংঘর্ষে ছাত্রদলের ৩ জন ছাত্রনেতাসহ ১০ জন আহত হয়।

পুলিশ ঘটনাস্থল থেকে ৪ জনকে গ্রেফতার করেছে। এদিকে কলেজ কর্তৃপক্ষ অবস্থা বেগতিক দেখে কলেজ বন্ধের সিদ্ধান্ত নেয়। এ ছাড়াও কর্তৃপক্ষ কলেজ ক্যাম্পাসে সকল প্রকার রাজনৈতিক শ্লোগান, মিছিল, মিটিং নিষিদ্ধ ঘোষণা করে। তবে কলেজের পরীক্ষা যথারীতি নেয়া হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। উল্লেখ্য, ইতিপূর্বে বেশ ক'বার কর্তৃপক্ষ কলেজ ক্যাম্পাসে মিছিল, মিটিং নিষিদ্ধ ঘোষণা করলেও শিবির কর্মীরা তা মেনে নেয়নি। রংপুর থেকে জেলা প্রতিনিধির ফোন।